

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)  
উপপরিচালক (ইঞ্জিঃ) এর কার্যালয়  
ঢাকা মেট্রো-২ সার্কেল, ইকুরিয়া  
কেরাণীগঞ্জ, ঢাকা।  
[dde\\_dm2@brta.gov.bd](mailto:dde_dm2@brta.gov.bd)

স্মারক নং-৩৫.০৩.০০১.০০১.৪৪.০০১-২৩- ৬৬২

তারিখঃ ০৫/০৪/২০২৬খ্রি.

বিষয়ঃ ঢাকা মেট্রো-ব-১৫-৮৬১৩ নং মোটরযানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্রঃ বিআরটিএ, নীলফামারী সার্কেলের স্মারক নং-৩৫.০৩.৭৩০০.০০০.২৫.০১৫.২৬-১৩৫ তারিখঃ ০৩-০৪-২০২৬খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা মেট্রো-ব-১৫-৮৬১৩ নং মোটরযানটি বিগত ০২-০৪-২০২৬খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার বিকাল আনুমানিক ০৪.০০ ঘটিকায় নীলফামারী জেলার কিশোরগঞ্জ উপজেলার ধরেয়ার বাজার সংলগ্ন এলাকায় মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় উক্ত বাসের চাকায় পিষ্ট হয়ে বাসের হেলপারের মৃত্যু হয়েছে। দুর্ঘটনা কবলিত মোটরযানটি বিআরটিএ, নীলফামারী সার্কেলের মোটরযান পরিদর্শক জনাব মোঃ মেহেদী হাসান কর্তৃক গত ০২-০৪-২০২৬খ্রি. তারিখ সন্ধ্যা ০৬.০০ ঘটিকায় সরেজমিনে পরিদর্শন করা হয়। আপনার মালিকানাধীন মোটরযানটি বেপরোয়া গতি এবং অননুমোদিত ওভারটেকিং এর কারণে সড়ক দুর্ঘটনায় পতিত হয়। যা সড়ক পরিবহন আইন ২০১৮ এর ধারা ৪৪(২),(৩) এর সুস্পষ্ট লঙ্ঘন।

এমতাবস্থায়, বেপরোয়া গতি এবং ঝুঁকিপূর্ণ চলাচলের কারণে সড়ক পরিবহন আইন ২০১৮ এর ধারা ২৪ ও সড়ক পরিবহন বিধিমালা ২০২২ এর ৪৬ ও ৪৭ বিধি অনুযায়ী ঢাকা মেট্রো-ব-১৫-৮৬১৩ মোটরযানের রেজিস্ট্রেশন সাময়িকভাবে স্থগিত করা হলো। মোটরযানটির রেজিস্ট্রেশন সনদ, ফিটনেস সনদ, ট্যাক্সটোকেন, রুটপারমিট সনদ ও উক্ত মোটরযানের চালকের ড্রাইভিং লাইসেন্স এবং সংশ্লিষ্ট ড্রাইভারসহ পত্র প্রাপ্তির (৫)পাঁচ কার্যদিবসের মধ্যে এ কার্যালয়ে (রুম নং ১০২) স্বশরীরে হাজির হয়ে আপনার মালিকানাধীন মোটরযানের রেজিস্ট্রেশন কেন স্থায়ীভাবে বাতিল করা হবে না মর্মে ব্যাখ্যা প্রদানের জন্য অনুরোধ করা হলো। অন্যথায় ঢাকা মেট্রো-ব-১৫-৮৬১৩নং মোটরযানের রেজিস্ট্রেশন স্থায়ীভাবে বাতিল করা সহ মালিকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



সৈয়দ আইনুল হুদা চৌধুরী  
উপপরিচালক (ইঞ্জিঃ)  
পরিচিতি নং ২০১২১০২১২৪



IFAD AUTOS LIMITED H/P  
DUTCH BANGLA BANK PLC  
KAWRAN BAZAR BRANCH  
21, RAJUK AVENUE DILKUSHA,  
MOTIJHEEL C/A, DHAKA-1000

অনুলিপি (সদয় অবগতি/অবগতির জন্য)ঃ

- ১। পরিচালক (রোড সেফটি), বিআরটিএ, সদর কার্যালয়, নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা।
- ২। পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, ঢাকা বিভাগ, মিরপুর-১৩, ঢাকা।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিআরটিএ, সদর কার্যালয়, নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা।
- ৪। অফিস কপি।